

বিজিএ/কাস/২০২২/২৬৫

২৪ নভেম্বর, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে বিদ্যমান লাইসেন্স/রেজিস্ট্রেশনসমূহের নবায়নের মেয়াদ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,  
আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে বিদ্যমান লাইসেন্স/রেজিস্ট্রেশন সমূহের নবায়নের মেয়াদ বৃদ্ধির বিষয়ে বিজিএমইএ সহ সকল ব্যবসায়ী সংগঠন সরকারের নিকট জোড়ালো দাবী জানায়। এই দাবীর প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয় ব্যবসায়ী সংগঠনের সাথে সভার মাধ্যমে কিছু অনুকূল সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যমান ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (IRC) ও এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ERC) এর মেয়াদ এক বছরের পরিবর্তে পাঁচ বছর পর্যন্ত নির্ধারণ করেছে। সংশ্লিষ্ট আবেদনকারী তার প্রয়োজন অনুযায়ী ০১ থেকে ০৫ বছর পর্যন্ত যে কোন মেয়াদী IRC ও ERC গ্রহণ করতে পারবেন। IRC ও ERC এর ইস্যু/নবায়নের তারিখ থেকে মেয়াদ গণনা করা হবে। IRC ও ERC গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে মেয়াদ অনুযায়ী সার্টিফিকেট ইস্যু/নবায়ন ফি প্রদান করতে হবে।

ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে IRC ও ERC লাইসেন্স নবায়নের মেয়াদ বৃদ্ধি করার জন্য আমরা মাননীয় প্রধান মন্ত্রী, বাণিজ্য মন্ত্রী ও সিনিয়র সচিব বাণিজ্য মন্ত্রণালয়কে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। আমরা আশা করি সরকার কর্তৃক উপরোক্ত সুবিধা প্রদান করার ফলে ব্যবসায়ীদের সময় ও খরচ হ্রাস পাবে এবং ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনা করা সহজতর হবে।

উল্লেখিত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয় হতে জারীকৃত পরিপত্র নং-২৬.০০.০০০০.১১১.৯৯.০০১.২২-৫৫২ তারিখঃ ২৩ নভেম্বর ২০২২ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান  
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ টেলি •

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)

নম্বর ২৬.০০.০০০০.১১১.৯৯.০০১.২২-৫৫২


তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৯  
২৩ নভেম্বর ২০২২

পরিপত্র

বিষয় : ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে বিদ্যমান লাইসেন্স/রেজিস্ট্রেশনসমূহের নবায়নের মেয়াদ বৃদ্ধিকরণ।

এতদ্বারা আমদানিকারক ও রপ্তানিকারকসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের গত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত “ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে বিদ্যমান লাইসেন্স/রেজিস্ট্রেশনসমূহের নবায়নের মেয়াদ বৃদ্ধিকরণ” সংক্রান্ত সভার সিদ্ধান্ত নিম্নোক্তভাবে কার্যকর করা হলো:

- (ক) বিদ্যমান ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (IRC) ও এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ERC) এর মেয়াদ ০১ (এক) বছরের পরিবর্তে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত নির্ধারণ করা হলো। সংশ্লিষ্ট আবেদনকারী তাঁর প্রয়োজন অনুযায়ী ০১ থেকে ০৫ বছর পর্যন্ত যেকোন মেয়াদী IRC ও ERC গ্রহণ করতে পারবেন;
- (খ) IRC ও ERC এর ইস্যু/নবায়নের তারিখ থেকে মেয়াদ গণনা করা হবে;
- (গ) IRC ও ERC গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে মেয়াদ অনুযায়ী সার্টিফিকেট ইস্যু/নবায়ন ফি প্রদান করতে হবে।

  
১৬.১১.২২

(নুসরাত আইরিন)

উপসচিব

বাণিজ্য মন্ত্রণালয়

ফোন: ০১৮১৬-১৯৫২৭৬

E-mail: [iit1@mincom.gov.bd](mailto:iit1@mincom.gov.bd)

বিতরণ:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
- ০৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
- ০৪। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা
- ০৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা
- ০৭। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
- ০৮। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল, ঢাকা
- ০৯। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ঢাকা, চেম্বার ভবন (৫ম তলা), ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা
- ১০। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার ভবন, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
- ১১। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ডব্লিউটিসি ভবন, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
- ১২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং ৭/৭এ, সেক্টর নং ১৭, ব্লক নং এইচ-১, উত্তরা, ঢাকা
- ১৩। সভাপতি, বিকেএমইএ, ১৩/এ সোনারগাঁও রোড, ঢাকা-১০০০
- ১৪। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা